দৈনিক ইত্তেফাক

তারিখ 12 FEB 1993
পৃষ্ঠা 2 কলাম 6

172

## আজ প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষা

বরিশাল অফিস ॥ আজ (শুক্রবার) দেশব্যাপী সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিয়োগের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হইবে। এই পরীক্ষা

(২য় পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## প্রাথমিক শিক্ষক

(১ম পৃঃ পর)

আরও পূর্বে অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। কিন্তু বিজ্ঞাপনে ত্রুটি থাকায় শেষ মুহূর্তে পরীক্ষা বন্ধ রাখা হয়। মহিলা প্রার্থীদের নিকট হইতে পুনরায় আবেদন গ্রহণের পর এই পরীক্ষা অনুষ্ঠিত হইতেছে। বরিশাল ও খুলনা বিভাগে এই পদে প্রার্থীর সংখ্যা হইতেছে আনুমানিক ৬৩ হাজার। একমাত্র বরিশাল জেলার প্রার্থী সংখ্যা ৬০৬৪ জন। ইহার মধ্যে মহিলা প্রার্থী ৫০২২ জন। এই জেলায় শূন্য পদের সংখ্যা বর্তমানে ৯৮টি। শহরের ৫টি কেন্দ্রে এই জেলার পরীক্ষা অনুষ্ঠিত হইবে। দুর্নীতি ও স্বজনপ্রীতি বন্ধের জন্য উত্তরপত্র কম্পিউটার পদ্ধতিতে মূল্যায়ন এবং কেন্দ্রীয়ভাবে ফলাফল ঘোষণা করা হইবে।